প্রথম আলো
তারিখ ... 2006
পৃষ্ঠা ১ কলাম ৮

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

# ৩৫ দিন অনির্ধারিত বন্ধের পর ক্যাম্পাসে আবার প্রাণচাঞ্চল্য

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

দীর্ঘ ৩৫ দিন অনির্ধারিত বন্ধের পর গতকাল মঙ্গলবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) খুলেছে। শিক্ষার্থীরা আবাসিক হলগুলোতে ফিরতে শুরু করেছেন। তবে পরীক্ষার প্রস্তুতিকালীন ছুটি চলার কারণে শিক্ষা কার্যক্রম শুরু হয়নি।

এক মাসের বেশি সময় পর আবারও শিক্ষার্থীদের পদচারণায় মুখর হয়ে উঠেছে বুয়েট ক্যাম্পাস। ক্যাম্পাস খুলে দেওয়ায় শিক্ষার্থীরাও সন্তোষ প্রকাশ করেছেন। কেউ কেউ জানান, তারা টিউশনি করে লেখাপড়া চালিয়ে থাকেন। হঠাৎ হল বন্ধ করে দেওয়ায় তারা বিপাকে পড়েছিলেন। বন্ধুর মেস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বন্ধুর কাছে কিংবা মেস ভাড়া করে ঢাকায় থেকে তারা টিউশনি ধরে রেখেছিলেন।

গত রোববার একাডেমিক কাউন্সিলের জরুরি সভায় শিক্ষা কার্যক্রম চালু এবং হল খুলে দেওয়া এবং ২৩ সেপ্টেম্বর থেকে সব অনুষদের সব স্থগিত পরীক্ষা শুরুর সিদ্ধান্ত হয়। নতুন উপাচার্য আসার দ্বিতীয় কার্যদিবসে গত রোববার বুয়েট খোলার সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে বুয়েট কর্তৃপক্ষ বলেছিল, ৩০ জুলাইয়ের ঘটনার তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পর ক্যাম্পাস খুলে দেওয়া হবে। কর্তৃপক্ষ এবার বুয়েট খুলে দিলেও তদন্তের বিষয়ে কিছু জানানো হয়নি। এ বিষয়ে নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক এ এম এম শফিউল্লাহ কোনো মন্তব্য করতে রাজি হননি।

অধ্যাপক আলী মূর্তাজা উপাচার্য থাকাকালীন ছুটির বিষয়কে কেন্দ্র করে বুয়েট বেশ কয়েকবার উত্তপ্ত হয়ে ওঠে। গত বছর পূজার ছুটি নিয়ে আলী মূর্তাজার মন্তব্যে ক্ষুব্ধ হয়ে শিক্ষার্থীরা আন্দোলনে নামেন। সর্বশেষ ৩১ জুলাই পরীক্ষার তারিখ পেছানোর দাবিকে কেন্দ্র করে সংঘর্ষের পর বুয়েট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘো[illegible]